গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কেশবপুর, যশোর

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

জুলাই/২০২২ মাসে অনুষ্ঠিত কেশবপুর উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : কাজী রফিকুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কেশবপুর, যশোর।

সভার তারিখ : ১৯-০৭-২০২২ খ্রিস্টাব্দ।

সময় : সকাল ১০:০০ টায়।

স্থান : সভাকক্ষ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কেশবপুর, যশোর।

উপস্থিত সদস্যবৃন্দ : হাজিরা খাতায় সংরক্ষিত।

উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় অংশগ্রহণকারী ভাইস চেয়ারম্যানদ্বয়, ইউপি চেয়ারম্যানবৃন্দ, বিভিন্ন কার্যালয়ের দায়িত্বশীল কর্মকর্তাসহ সকল সদস্যদের শুভেচ্ছা ও স্বাগত জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসার সভাপতির অনুমোদনক্রমে সভার কার্যক্রম শুরু করেন।

এরপর গত মাসের কার্য বিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণী অনুমোদনের বিষয়ে উপস্থিত সদস্যদের মতামত আহবান করা হলে সকল আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক কার্য বিবরণী প্রস্তুত হওয়ায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত ও গৃহীত হয়।

অত:পর আলোচ্যসূচি অনুযায়ী সভায় আলোচনার প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়নের বিষয়গুলো নিম্নরূপ:

আলোচ্য সূচি-২: ২০২১-২০২২ অর্থ বছরের উন্নয়ন প্রকল্প সমাপ্তি ও অন্যান্য আলোচনা:

ক্রম.	বিবরণ	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	উপজেলা প্রকৌশলী জানান ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় টেন্ডার ও প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়িত প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে সমাপ্তি প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।	বাস্তবায়িত প্রকল্পগুলো যথাযথভাবে রক্ষাণাবেক্ষণে পদক্ষেপ গ্রহণ করতে হবে।	উপজেলা প্রকৌশলী, কেশবপুর, যশোর।

আলোচ্য সূচি-৩: ২০২২-২০২৩ অর্থ বছরের উন্নয়ন প্রকল্প গ্রহণ সংক্রান্ত আলোচনা:

ক্রম.	বিবরণ	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	উপজেলা প্রকৌশলী জানান ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। তিনি জানান এডিপির সাধারণ বরাদ্দ এখনও পাওয়া যায়নি। উপজেলা নির্বাহী অফিসার জানান রাজস্ব তহবিলের অব্যয়িত ৯৭,১৯,৫৪৬.৪৫ টাকা উন্নয়ন তহবিলে ২০২২-২০২৩ অর্থ বছরে প্রকল্প বাস্তবায়নের জন্য হস্তান্তর করা হয়েছে। তিনি সংশ্লিষ্ট সকলকে দ্রুত সময়ের মধ্যে প্রকল্প দাখিল করার জন্য অনুরোধ জানান। এডিপি সাধারণ ও রাজস্ব উদ্বৃত্ত সমন্বয়ে খাত ভিত্তিক বিভাজন পূর্বক প্রকল্প বাস্তবায়ন করা হবে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর জানান যে, প্রতি বছর জুন মাসে তড়িঘড়ি করে প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে দেখা যায়। যাতে কাজের মান সন্তোষজনক হয় না। এজন্য চলতি অর্থ বছরে বছরের শুরুতেই বাস্তবায়নযোগ্য সকল প্রকল্প তালিকাভূক্ত করতে হবে এবং বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে কার্যাদেশ প্রদান করতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় দ্রুত প্রকল্প তালিকা প্রস্তুত এবং বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে।	উপজেলা প্রকৌশলী, কেশবপুর, যশোর।

আলোচ্য সূচি-৪: বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:

ক্রম.	বিবরণ	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার পক্ষে প্রতিনিধি জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	স্বাস্থ্য সেবার মান আরো বাড়াতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা
২	প্রাণি সম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বর্তমানে কুকুরের কামড় বিষয়ে বিভিন্ন সময়ে অভিযোগ পাওয়া যাচ্ছে। কুকুরসহ বন্য প্রাণী নিধনের বিষয়ে নিষেধ থাকায় কুকুর নিধন করা যাচ্ছে না। তবে ভ্যাকসিন দেওয়ার বিধান রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	কুকুরকে নিয়মিত ভ্যাকসিন প্রয়োগ করতে হবে।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
৩	কৃষি বিভাগ: উপজেলা কৃষি অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান এবার পাটের আবাদ ভলো হয়েছে। পাট কাটার সময় চলমান। বৃষ্টি না হওয়ায় পাট জাগ দেওয়ার সমস্যা দেখা দিয়েছে। খালগুলো খনন করলে নদীতে পাট জাগ দেওয়া যেত। মজিদপুর ইউনিয়নের দেউলিয়ার বিলটি উঁচু। আমন চাষ হয় না। একসময় বিলের ভিতরে খাল ছিল। বর্তমানে খালটি দখল হয়ে গেছে। খালটি পুনখনন করলে ফসল উৎপাদন করা সম্ভব। তিনি সংশ্লিষ্ট খালটির বিষয়ে ইউনিয়ন চেয়ারম্যানের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকষণ করত: দখলমুক্ত	মাঠ পর্যায়ে কৃষকদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে	উপজেলা কৃষি কর্মকর্তা, কেশবপুর

	দুই ধাপে বোপন করা হয়েছিল। ঠিকমত অঙ্কুরিত না হওয়ায় চারা রোপন করা যাচ্ছে না। পুনরায় বীজ বোপন করা হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর জানান যে, রাস্তার পার্শ্বে রোপনকৃত তালগাছগুলো কাঠ ব্যবসায়ীগণ তাদের ব্যবসায়ী কাঠ রেখে মেরে ফেলছে। ব্যবস্থা নেওয়া প্রয়োজন। **উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সরকারি জায়গা দখলমুক্ত করতে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ** চেয়ারম্যানদের আবেদন করতে হবে। আবেদন পাওয়ার পর মোবাইল কোর্ট পরিচালনা করে দখলমুক্ত করা হবে।		
	বিএডিসি: সহকারী প্রকৌশলী (নির্মাণ) ও সদস্য সচিব, উপজেলা সেচ কমিটি জানান যে, কেশবপুর উপজেলায় অগভীর নলকূপ স্কীমের আওতায় ৯১ টি গভীর/অগভীর/এল.এল.পি নলকূপ স্কীমের আবেদন পাওয়া যায়। আবেদনগুলো উপজেলা ভূমি অফিস ও উপজেলা কৃষি বিভাগ সরেজমিন তদন্তপূর্বক প্রকৃত প্রাপ্যদের বিষয়ে প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদনের আলোকে উপজেলা সেচ কমিটির ২০/০৬/২০২২ তারিখের সভায় অনুমোদনযোগ্য ২৪ টি আবেদন গৃহীত হয় এবং অবশিষ্ট ৬৫ টি আবেদন অ-অনুমোদনযোগ্য বলে বিবেচিত হয়। এছাড়া ১ টি আবেদন নবায়ন এবং ১ টি আবেদন গভীর নলকূপ অনুমোদনযোগ্য বলে বিবেচিত হয়। এ বিষয়ে বিস্তাতি আলোচনা হয়।	উপজেলা সেচ কমিটির ২০/০৬/২০২২ তারিখের সভার কার্যবিবরণী অনুমোদিত ও গৃহীত হয়।	সহকারী প্রকৌশলী (নির্মাণ) ও সদস্য সচিব, উপজেলা সেচ কমিটি, কেশবপুর, যশোর
৪	মৎস্য বিভাগ: সি: উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান আগামী ২৩-২৯ জুলাই ২০২২ জাতীয় মৎস্য সপ্তাহ। জাতীয় কর্মসূচির সাথে মিল রেখে দিবসটি যথাযথভাবে পালন করা হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরো জানান সুফলাকাটি, আগরহাটি, বিলমথুরায় মৎস্য অভয়াশ্রম তৈরীতে সীমানা নির্ধারণসহ বিভিন্ন জটিলতা দেখা দিয়েছে। তিনি সভাপতির মাধ্যমে পানি উন্নয়ন বোর্ডের দৃষ্টি আকর্ষণ করে খালগুলোর সীমানা নির্ধারণের জন্য অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	জাতীয় মৎস্য সপ্তাহ যথাযথভাবে পালন করতে হবে এবং মৎস্য অভয়াশ্রম তৈরীতে যা যা করা প্রয়োজন করতে হবে।	সি: উপজেলা মৎস্য কর্মকর্তা
৫	সমাজ সেবা বিভাগ: উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান বিভিন্ন ভাতাভোগীদের ভাতার কার্যক্রম অনলাইনের মাধ্যমে প্রদান কার্যক্রম চলমান আছে। তিনি জানান তার অফিসের সহকারীদের জন্য নির্ধারিত টিন শেডের অফিসটির টিন নষ্ট হয়ে গেছে। সংস্কার করার জন্য সভাপতির মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	দাপ্তরিক কার্যক্রম আরো জোরদার করতে হবে।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
৬	প্রকৌশল বিভাগ: উপজেলা প্রকৌশলী জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান রাস্তার দুই পার্শ্বে অপরিকল্পিতভাবে বালু ও কাঠ ব্যবসায়ীরা মালামাল যত্রতত্র রাখছে। এতে দুর্ঘটনা ঘটার সম্ভবনা রয়েছে। ব্যবসায়ীদের সচেতন হওয়া এবং মৌখিকভাবে নিষেধ বা বাঁধা দেওয়া প্রয়োজন। বর্তমানে হাইওয়েতে রাস্তাগুলো দখল হয়ে গেছে। চার লেন রাস্তা বর্তমানে এক লেনে পরিনত হয়েছে। ব্যবস্থা নেওয়া প্রয়োজন। তিনি আরো জানান সকল ইউনিয়নের রাস্তাগুলো আইডিভূক্ত করার কাজ চলমান। যে সকল রাস্তা এখনও আইডিভূক্ত হয়নি সে সকল রাস্তার তালিকা দ্রুত প্রদানের জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। চেয়ারম্যান, সাগরদাঁড়ী ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর জানান সাগরদাঁড়ী ইউনিয়ন পরিষদ হতে জিয়েলতলা পর্যন্ত প্রায় ২.১৩ কিলোমিটার রাস্তা কার্পেটিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতির মাধ্যমে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। চেয়ারম্যান, সাতবাড়িয়া ইউনিয়ন পরিষদ জানান যে, কালাবাসা থেকে বেগমপুর পর্যন্ত রাস্তার দুই পার্শ্ব উঁচু করে রাখা হয়েছে। যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। তাছাড়া সাতবাড়িয়া হতে ভালুকঘর রাস্তাটির কার্পেটিং কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সভাপতির মাধ্যমে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। উপজেলা প্রকৌশলী জানান কার্পেটিং কাজ চলমান আছে। দ্রুত প্রকল্প কাজ সম্পন্ন হবে। চেয়ারম্যান, হাসানপুর ইউনিয়ন পরিষদ জানান ২৪ গ্রামের পানি নেহালপুর শেখপাড়া ইউড্রেণ দিয়ে নিষ্কাশন হয়। ড্রেণটি প্রশান্ত করা প্রয়োজন। চেয়ারম্যান, পাঁজিয়া ইউনিয়ন পরিষদ জানান পাঁজিয়া বাজারের রাস্তাটি বেশ সংকীর্ণ। প্রায়শ: দুর্ঘটনা ঘটছে। রাস্তাটি প্রশস্ত করা প্রয়োজন। বাজারের পূর্ব পার্শ্বে ড্রেনেজ ব্যবস্থা করা জরুরি। তাছাড়া গড়ভাঙ্গা বাজারে পয়:নিষ্কাশনের জন্য একটি গণ শৌচগার একান্ত প্রয়োজন। চেয়ারম্যান, কেশবপুর ইউনিয়ন পরিষদ জানান ব্যাসডাঙ্গা রাস্তাটি এখনও চলাচল উপযোগী হয়ে উঠেনি। বিষয়টি দেখার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	সকল ইউনিয়নের যে সকল রাস্তা আইডিভূক্ত হয়নি সে সকল রাস্তার তালিকা দ্রুত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও উপজেলা প্রকৌশলী, কেশবপুর, যশোর।
	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর জানান উপজেলা পরিষদের অভ্যন্তরের বাসভবনগুলো মেরামত/সংস্কার কাজের জন্য ২০২০-২০২১ অর্থ বছর হতে কোন বরাদ্দ পাওয়া যায়নি। ২০২১-২০২২ অর্থ বছরে ৫৩,৩৪,৮৯০.০০ টাকার প্রাক্কলন প্রস্তুতপূর্বক যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছিল। নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ না করাই বরাদ্দ পাওয়া যায়নি। প্রতি বছর ৩০ সেপ্টম্বরের মাসের মধ্যে প্রেরণের নির্দেশনা রয়েছে। চলতি বছর উপজেলা পরিষদের বাসাবাড়ি মেরামতের প্রাক্কলন প্রস্তুতপূর্বক	উপজেলা পরিষদের বাসাবাড়ি মেরামতের প্রাক্কলন প্রস্তুত পূর্বক যথাযথ সকল প্রক্রিয়া অনুসরণ করে ৩০	উপজেলা প্রকৌশলী, কেশবপুর, যশোর

	নির্বাহী প্রকৌশলী যশোরের প্রতিবেদনসহ আগস্ট ২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীল দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	তারিখের মধ্যে আবশ্যিকভাবে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের প্রেরণ করতে হবে।	
	উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ১) উপজেলা পরিষদের ডরমেটরী ভবনের পার্শ্বে বাউন্ডারী ওয়াল নির্মাণ- ৭,৯২,১২৬.০০, ২) উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষটি ইন্টিরিয়র কাজ- ৫,৬২,২৪২.০০, ৩) উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের সামনের বাউন্ডারীতে আরসিসি কাজ- ৬,৬৫,৫৮৯.০০, ৪) উপজেলা পরিষদে স্থাপিত সৌর বিদ্যুৎ প্যানেলের মেরামতসহ ব্যাটারী ক্রয়- ১,৫০,০০০.০০ টাকার প্রাক্কলনসহ প্রস্তাব স্থানীয় সরকার মন্ত্রণালয়ের প্রেরণ করা হয়েছিল। নির্বাহী প্রকৌশলী, যশোরের কারিগরি প্রতিবেদন না থাকায় পুনরায় স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য পত্র পাওয়া গেছে। উল্লেখিত কাজের মূল প্রাক্কলন, নির্বাহী প্রকৌশলী, যশোরের কারিগরি প্রতিবেদনসহ স্বয়ংসম্পন্ন প্রস্তাব আগস্ট ২০২২ মাসের মাসিক সাধারণ সভায় উপস্থাপনের বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	পার্শ্ববর্ণিত প্রকল্পগুলো বাস্তবায়নে কাজের মূল প্রাক্কলন, নির্বাহী প্রকৌশলী, যশোরের কারিগরি প্রতিবেদনসহ স্বয়ংসম্পন্ন প্রস্তাব স্থানীয় সরকার মন্ত্রণালয়ে দ্রুত প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, কেশবপুর, যশোর
	উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্ষা মৌসুমে অথবা যে কোন সময় বৃষ্টি হলেই উপজেলা মৎস্য অফিসের ভেতর পানি প্রবেশ করে স্যাঁতসেতে অবস্থা বিরাজ করে। তিনি বার বার অফিস কক্ষটি মেরামত করার জন্য আবেদন করছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সরে জমিন পরিদর্শন করত: প্রাক্কলন প্রস্তুত পূর্বক কাজ বাস্তবায়নের বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করা হয়।	উপজেলা মৎস্য অফিস সংস্কারের জন্য সরেজমিন পরিদর্শন করত: প্রাক্কলন প্রস্তুত কাজ বাস্তবায়ন করতে হবে।	উপজেলা প্রকৌশলী, কেশবপুর, যশোর
৭	মাধ্যমিক শিক্ষা বিভাগ: উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, তিনি এ উপজেলায় সদ্য যোগদান করেছেন। তিনি সকলের সাথে পরিচিত হন। তিনি আরো জানান উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন ভবনটি দ্রুত নির্মাণ করা প্রয়োজন। ভবনটি তৈরী হলে তথ্য প্রযুক্তির উন্নয়নে যুগান্তকারী ভূমিকা পালন করবে। আগামী জুনের মধ্যে শুরু করতে না পারলে বরাদ্দ চলে যাবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	দাপ্তরিক কার্যক্রম আরো জোরদার করতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
৮	শিক্ষা বিভাগ: উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	দাপ্তরিক কাজ আরও বেগবান করতে হবে।	উপজেলা শিক্ষা কর্মকর্তা
৯	পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান আগামী ২১ জুলাই ২০২২ জনসংখ্যা দিবস পালন করা হবে। দুপুর ০১:০০ টায় আলোচনা সভাসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। তিনি সকলের অংশগ্রহণের অনুরোধ জানান। তিনি জুন/২২ মাসের প্রতিবেদনে জানা যায় মোট সক্ষম দম্পতি সংখ্যা ৫৯,৯০২ জন। সর্বমোট পদ্ধতি গ্রহণকারী- ৪৮,৩৫৭ জন। পদ্ধতি গ্রহণকারীরর হার- ৮০.৭৩%। পরিবার পরিকল্পনা পদ্ধতি ভিত্তিক বিভাজন: অস্থায়ী পদ্ধতি- খাবার বড়ি- ৭,৫১১ চক্র, কনডম- ১৪,৯১৮ পিস, ইনজেকটেবলস- ২,০৮২ ভায়াল। দীর্ঘ মেয়াদী পদ্ধতি: আইইউডি ৩ জন, ইমপ্লান্ট ৩৪ জন। স্থায়ী পদ্ধতি: এনএসডি (পুরুষ)- ০ জন, টিউবেকটমী (মহিলা) ১৪ জন। মা ও শিশু স্বাস্থ্য সেবা: চলতি মাসে মোট গর্ভবতীর সংখ্যা- ৯১৯ জন, মোট গর্ভবতীর সংখ্যা- ১,৫৪৭ জন। গর্ভবতীর মায়ের যত্ন- ৭৮৪ জন (৪-৯ মাসের মধ্যে), প্রসব (স্বাভাবিক- ৪৬ জন। জীবিত সন্তান জন্ম গ্রহণ করে ২১১ জন। প্রসবোত্তর যত্ন ২৭৭ জন এবং বন্ধ্যা দম্পতির পরামর্শ প্রদান করা হয় ৩৭ জন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	দাপ্তরিক কাজ আরও বেগবান করতে হবে।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
১০	প্রকল্প বাস্তবায়ন বিভাগ:	অনুপস্থিত	
১১	যুব উন্নয়ন বিভাগ: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	দাপ্তরিক কাজ আরও বেগবান করতে হবে।	উপজেলা প্রকল্প যুব উন্নয়ন কর্মকর্তা
১২	উপজেলা প্রকল্প কর্মকর্তা (পল্লী জীবিকায়ন প্রকল্প), বিআরডিবি: উপজেলা প্রকল্প কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	দাপ্তরিক কাজ আরও বেগবান করতে হবে।	উপজেলা প্রকল্প কর্মকর্তা
১৩	পল্লী উন্নয়ন বিভাগ (বিআরডিবি): উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক ঋণ প্রদান কার্যক্রম পরিচালনা করতে হবে।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
১৪	সমবায় বিভাগ: উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে।	উপজেলা সমবায় কর্মকর্তা
১৫	মহিলা বিষয়ক কর্মকর্তা: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

১৬	জনস্বাস্থ্য বিভাগ: উপসহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান গত অর্থ বছরের গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান আছে। দুইটি আশ্রায়ণ প্রকল্পের গভীর নলকূপ স্থাপন কাজ চলছে। দ্রুত শেষ হবে। এ অর্থ বছরে এখনও কোন গভীর নলকূপের বরাদ্দ পাওয়া যায়নি। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	দাপ্তরিক কাজ আরো বেগবান করতে হবে।	উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
১৭	পল্লী সঞ্চয় ব্যাংক: শাখা ব্যাবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কেশবপুর, যশোর জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক সকল ঋণদান কার্যক্রম চালাতে হবে।	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক
১৮	বন বিভাগ: ফরেস্টার, সামাজিক বন বিভাগ, কেশবপুর, যশোর জানান যে, তিনি এ উপজেলায় সদ্য যোগদান করেছেন। সকলের সাথে পরিচিত হন। তিনি আরো জানান বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ১৮০০ টি চারা অতিদ্রুত বিতরণ করা হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন।	দাপ্তরিক কাজ আরো বেগবান করতে হবে।	ফরেস্টার, সামাজিক বনবিভাগ, কেশবপুর
১৯	বিদ্যুৎ বিভাগ:	অনুপস্থিত	
২০	পানি উন্নয়ন বোর্ড: উপ-বিভাগীয় প্রকৌশলী (পাউবো) জানান বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান চলমান খাল খনন কাজ শেষ হয়ে গেছে। বর্তমানে কোন প্রকল্পের কাজ নেই। পরবর্তী বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষ্যে অবহিত করা হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, যে সকল ইউনিয়নে খাল খনন করার প্রয়োজন সে সকল খালের তালিকা ইউপি চেয়ারম্যানদের নিকট হতে সংগ্রহপূর্বক নতুন প্রকল্প দাখিল করতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	খনন যোগ্য সকল খালের পূর্ণাঙ্গ প্রস্তাব প্রস্তুত পূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-বিভাগীয় প্রকৌশলী, পাউবো
২১	ইউডিএফ:	অনুপস্থিত	ইউডিএফ
২২	তথ্য আপা: তথ্য আপা কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।	তথ্য আপা কর্মকর্তা, কেশবপুর

উপজেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ বিভাগের আলোচনা ও সিদ্ধান্ত:

ক্রম.	বিবরণ	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	মেয়র, কেশবপুর পৌরসভার:	অনুপস্থিত	
২	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।	উপজেলা ভাইস চেয়ারম্যান
৩	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।	উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
৪	চেয়ারম্যান, ১নং ত্রিমোহিনী ইউনিয়ন পরিষদ:	অনুপস্থিত	
৫	চেয়ারম্যান, ২নং সাগরদাঁড়ী ইউনিয়ন পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।	চেয়ারম্যান, ২ নং সাগরদাঁড়ী ইউপি
৬	চেয়ারম্যান, ৩নং মজিদপুর ইউনিয়ন পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।	চেয়ারম্যান, ৩ নং মজিদপুর ইউপি
৭	চেয়ারম্যান, ৪নং বিদ্যানন্দকাটি ইউনিয়ন পরিষদ: চেয়ারম্যান জানান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। চেয়ারম্যান, বিদ্যানন্দকাটি ইউনিয়ন পরিষদ জানান তাঁর ইউনিয়নে একটি ইউনিয়ন ভূমি অফিস প্রয়োজন। সেবা পেতে ইউনিয়নবাসীদে বেশ ভূগান্তির মধ্যে পড়তে হয়। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করা হবে।	বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।	চেয়ারম্যান, ৪ নং বিদ্যানন্দকাটি ইউপি
৮	চেয়ারম্যান, ৫নং মঙ্গালকোট ইউনিয়ন পরিষদ: চেয়ারম্যান জানান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।	চেয়ারম্যান, ৫ নং মঙ্গালকোট ইউপি
৯	চেয়ারম্যান, ৬নং কেশবপুর ইউনিয়ন পরিষদ: চেয়ারম্যান জানান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।	চেয়ারম্যান, ৬ নং কেশবপুর ইউপি
১০	চেয়ারম্যান, ৭নং পাঁজিয়া ইউনিয়ন পরিষদ: চেয়ারম্যান জানান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক কার্যক্রম চালাতে হবে।	চেয়ারম্যান, ৭ নং পাঁজিয়া ইউপি
১১	চেয়ারম্যান, ৮নং সুফলাকাটি ইউনিয়ন পরিষদ: চেয়ারম্যান জানান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।	৮ নং সুফলাকাটি ইউপি
১২	চেয়ারম্যান, ৯নং গৌরিঘোনা ইউনিয়ন পরিষদ: চেয়ারম্যান জানান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।	চেয়ারম্যান, ৯ নং গৌরিঘোনা ইউপি
১৩	চেয়ারম্যান, ১০নং সাতবাড়ীয়া ইউনিয়ন পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।	চেয়ারম্যান, ১০ নং সাতবাড়িয়া ইউপি
১৪	চেয়ারম্যান, ১১নং হাসানপুর ইউনিয়ন পরিষদ:	অনুপস্থিত	

আলোচ্য সূচি-৫: রাজস্ব তহবিলের বিভিন্ন নিয়মিত ব্যয় সংক্রান্ত আলোচনা:

১	রাজস্ব তহবিল: মাসিক সাধারণ সভাসহ অন্যান্য সভা, চেয়ারম্যান কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভাইস চেয়ারম্যানদ্বয়ের দপ্তরের জুলাই/২২ মাসের মাসিক নিয়মিত আনুষঙ্গিক ও আপ্যায়ণ ব্যয় পরিশোধ করতে হবে। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব সুজন কুমার চন্দ্র কর্তৃক সুগন্ধা বাসার পানির লাইনের কাজ বাবদ ৬,২১০.০০ টাকা, গেজেটেড কোয়ার্টারে পানির লাইনের কাজ বাবদ- ৩,৪০৪.০০ টাকা, উপজেলা পরিষদের গাড়ী গ্যারেজের সাটার মেরামত বাবদ ২,৮৭৫.০০ টাকা, সহকারি উপজেলা শিক্ষা কর্মকর্তা জনাব মো: সাহিদুল ইসলাম কর্তৃক সৈকত ৩-খ বাসার ইলেকট্রিক এবং পানির লাইনের কাজ বাবদ- ৪,২৬৬.০০ টাকা। উপজেলা পরিষদে কর্মরত মালী ও পরিচ্ছন্নতা কর্মী জুলাই/২২ মাসে ১৬,৫০০.০০ টাকা হারে মজুরী অনুমোদন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	বিধি মোতাবেক রাজস্ব তহবিল থেকে ব্যয় পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
২	উপজেলা নির্বাহী অফিসার জানান ২০২১-২২ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ৩০ জুন ২০২২ শেষে অব্যয়িত ৯৭,১৯,৫৪৬.৪৫ (সাতানব্বই লক্ষ উনিশ হাজার পাঁচশত ছেচল্লিশ টাকা পঁয়তাল্লিশ পয়সা) টাকা আছে। রাজস্ব তহবিল নীতিমালা অনুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছরে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে উন্নয়ন তহবিলের হস্তান্তর করতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	বিধি মোতাবেক অব্যয়িত ৯৭,১৯,৫৪৬.৪৫ টাকা উন্নয়ন তহবিলে হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।

আলোচ্য সূচি-৬: বিবিধ:

১	উপজেলা নির্বাচন অফিস: উপজেলা নির্বাচন অফিসার জানান যে, কেশবপুর উপজেলায় বাড়ি বাড়ি গিয়ে ভোটার তালিকা হালনাগাতের কার্যক্রম শুরু হয়েছে। আগামী ৫-২৯ জুলাই ২০২২ পর্যন্ত হালনাগাদ কার্যক্রম চলবে। এতদ বিষয়ে সকল ইউপিতে সভা/সেমিনার করা হয়েছে। তথ্য প্রাপ্তি সাপেক্ষে আগামী ৩১ জুলাই ২০২২ সার্ভারে তথ্য আপলোড করা হবে। ৪৫ দিন এ কাজ চলমান থাকবে। তিনি এতদ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরো জানান উপজেলা নির্বাচন অফিস অনেক গুরুত্বপূর্ণ কাজ বাস্তবায়ন করে থাকে। উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা একটি গুরুত্বপূর্ণ সভা। গুরুত্বপূর্ণ বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত নেওয়া যায়। এজন্য উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় কো-অপ্ট সদস্য হিসেবে রাস্তার জন্য তিনি সভাপতি আকর্ষণ করেন। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ভোটার তালিকা হালনাগাদ একটি গুরুত্বপূর্ণ কাজ। এই তথ্যের উপর নির্ভর করে জাতীয় পরিচয়পত্র তৈরী হবে। তিনি এদত বিষয়ে সকলের সহযোগিতা কামনা করে। এছাড়া উপজেলা নির্বাচন অফিসকে কো-অপ্ট সদস্য হিসেবে বিবেচনার জন্য উপস্থিত সদস্যদের মতামত আহবান করা হয়। কো-অপ্ট সদস্য হিসেবে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় সদস্য হিসেবে রাখতে উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	বিধি মোতাবেক ভোটার তালিকা হালনাগাতের কার্যক্রম চালাতে হবে। উপজেলা নির্বাচন অফিসকে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কো-অপ্ট সদস্য হিসেবে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাচন অফিসার, কেশবপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।

অত:পর, সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে দীর্ঘায়ু কামনা ও ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

(কাজী রফিকুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা
কেশবপুর, যশোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কেশবপুর, যশোর।

স্মারক নং- ০৫.৪৪.৪১৩৮.০০০.০৩.০২৬.২২-১০৫(৬০)

তারিখ: ০৪ শ্রাবণ, ১৪২৯ / ১৯ জুলাই, ২০২২

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৯০-যশোর-০৬
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা
০৫। জেলা প্রশাসক, যশোর।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, যশোর।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।
০৮। .....
০৯। অফিস কপি।

১৯.০৭.২২

(এম.এম. আরাফাত হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
কেশবপুর, যশোর।
unokeshabpur@mopa.gov.bd

১৯/৭/২২

উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা:
মাসের নাম: জুলাই/২০২২

উপস্থিত সদস্যবৃন্দ	অনুপস্থিত সদস্যবৃন্দ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর,যশোর।	মেয়র, কেশবপুর পৌরসভা, কেশবপুর, যশোর
উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর,যশোর।	চেয়ারম্যান, ত্রিমোহিনী ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কেশবপুর, যশোর
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর	
চেয়ারম্যান, সাগরদাঁড়ী ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর	
চেয়ারম্যান, বিদ্যানন্দকাটি ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর	
চেয়ারম্যান, মজিদপুর ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর	
চেয়ারম্যান, মঙ্গলকোট ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর	
চেয়ারম্যান, কেশবপুর ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর	
চেয়ারম্যান, পাঁজিয়া ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর	
চেয়ারম্যান, সুফলাকাটি ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর	
চেয়ারম্যান, গৌরিঘোনা ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর	
চেয়ারম্যান, সাতবাড়িয়া ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর	
চেয়ারম্যান, হাসানপুর ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর	
উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কেশবপুর, যশোর	
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কেশবপুর, যশোর	
উপজেলা কৃষি কর্মকর্তা, কেশবপুর, যশোর	
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কেশবপুর, যশোর	
উপজেলা প্রকৌশলী, কেশবপুর, যশোর	
উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কেশবপুর, যশোর	
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কেশবপুর, যশোর	
উপজেলা শিক্ষা কর্মকর্তা, কেশবপুর, যশোর	
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কেশবপুর, যশোর	
উপজেলা প্রকল্প কর্মকর্তা(পজীপ), কেশবপুর, যশোর	
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কেশবপুর, যশোর	
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কেশবপুর, যশোর	
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কেশবপুর, যশোর	
উপজেলা সমবায় কর্মকর্তা, কেশবপুর, যশোর	
উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কেশবপুর, যশোর	
ব্যাবস্থাপক, আমার বাড়ি আমার খামার, কেশবপুর, যশোর	
ফরেস্টার, সামাজিক বন বিভাগ, কেশবপুর, যশোর	
তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, কেশবপুর, যশোর	